**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 05–06–2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

**Headlines :**

**(১) প্রধানমন্ত্রী, নরেন্দ্র মোদি আজ রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর কাছে তাঁর পদত্যাগপত্র জমা দিয়েছেন। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু সপ্তদশ লোকসভা ভেঙে দিয়েছেন।**

**(২) রাজ্যে আসন্ন ত্রিস্তরীয় পঞ্চায়েত নির্বাচনের জন্য রাজ্য নির্বাচন কমিশন আগামীকাল খসড়া ভোটার তালিকা প্রকাশ করবে ।**

**(৩) রাজ্যেও নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে বিশ্ব পরিবেশ দিবস উদযাপিত ।**

**(৪) একদিনের বিরতির পর রাজ্য ক্রিকেট সংস্থা আয়োজিত সদরের আন্ত: স্কুল মেয়েদের টি–২০ ক্রিকেট প্রতিযোগিতার আজ তিনটি খেলা হয় ।**

**************************************

**PM, Resignation :**

প্রধানমন্ত্রী, নরেন্দ্র মোদি আজ রাষ্ট্রপতি ভবনে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর সঙ্গে দেখা করেছেন এবং কেন্দ্রীয় মন্ত্রী পরিষদের সঙ্গে তাঁর পদত্যাগপত্র জমা দিয়েছেন। রাষ্ট্রপতি পদত্যাগপত্র গ্রহণ

করেন এবং নতুন সরকার গঠন না হওয়া পর্যন্ত প্রধানমন্ত্রী ও কেন্দ্রীয় মন্ত্রী পরিষদকে দায়িত্বে থাকার অনুরোধ করেন।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ উপরাষ্ট্রপতি জগদীপ ধনখরের সঙ্গেও দেখা করেন।

*************************

**President :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ সপ্তদশ লোকসভা ভেঙে দিয়েছেন। তার আগে, কেন্দ্রীয় মন্ত্রিসভা আজ বিকেলে অনুষ্ঠিত বৈঠকে রাষ্ট্রপতিকে অবিলম্বে সপ্তদশ লোকসভা ভেঙে দেওয়ার পরামর্শ দেয়।

রাষ্ট্রপতি আজ বিদায়ী মন্ত্রিসভার জন্য একটি নৈশভোজের আয়োজন করেছেন।

***************************

**Panchyat Election :**

রাজ্যে আসন্ন ত্রিস্তরীয় পঞ্চায়েত নির্বাচনের জন্য রাজ্য নির্বাচন কমিশন আগামীকাল খসড়া ভোটার তালিকা প্রকাশ করবে। আগামীকাল থেকেই খসড়া ভোটার তালিকার উপর দাবি ও আপত্তি গ্রহনের কাজ শুরু হবে। তা চলবে আগামী ১৩ই জুন পর্যন্ত। দাবি ও আপত্তি সমূহের নিষ্পত্তির কাজ আগামী ১৪ই জুন থেকে ১৮ই জুনের মধ্যে সম্পন্ন হবে। চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা হবে আগামী ২৪শে জুন। উল্লেখ্য, ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনের জন্য ভোট কেন্দ্রের চূড়ান্ত তালিকা গত

তেসরা জুন প্রকাশ করা হয়েছে। চূড়ান্ত তালিকায় মোট ভোট কেন্দ্রের সংখ্যা হল ২ হাজার ৬৫০টি।

***************************

**Ek Ped Maa Ke Naam :**

আজ বিশ্ব পরিবেশ দিবস। এবছর দিনটির ভাবনা : "ভূমি পুনরুদ্ধার, মরুকরণ ও খরা স্থিতিস্থাপকতা"।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে আয়োজিত 'এক পেড় মা কে নাম' প্রচারাভিযানের আওতায় নতুনদিল্লির বুদ্ধ জয়ন্তী পার্কে একটি চারা রোপণ করেন। এই প্রচারাভিযানের লক্ষ্য সারা দেশে কোটি কোটি বৃক্ষ রোপণের এক গণআন্দোলন গড়ে তোলা।

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ একটি উন্নত এবং সবুজ বিশ্ব গড়ার জন্য জনগণকে সম্মিলিত প্রচেষ্টা গ্রহন করার আহ্বান জানান।

রাষ্ট্রপতি সামাজিক মাধ্যমে বলেছেন, এই বিশ্ব পরিবেশ দিবসে নিজেদের মনে করিয়ে দিতে হবে যে, মাতৃভূমিকে রক্ষা করা আমাদের মৌলিক দায়িত্ব। তিনি বলেন, আমরা প্রাকৃতিক সম্পদের মালিক নই। তিনি বলেন যে, জলবায়ু পরিবর্তন জীবন ও জীবিকাকে বিশেষ করে দুর্বল সম্প্রদায়গুলিকে প্রভাবিত করছে।

উপরাষ্ট্রপতি জগদীপ ধনখর জনগণকে শুভেচ্ছা জানিয়ে বলেছেন, মানবতা এবং প্রকৃতির মধ্যে সম্প্রীতিই সুস্থায়ী জীবনযাপনের ভিত্তি। তিনি বলেন, আমাদের সভ্যতা নীতি আমাদের প্রকৃতির সাথে সামঞ্জস্যপূর্ণ জীবনযাপনের পথ দেখায়।

*************************

**World environment day :**

এ উপলক্ষে আজ রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের উদ্যোগে আজ সকালে সুকান্ত একাডেমী থেকে এক সচেতনতামূলক রেলি বের হয়। রেলীর সূচনা করেন বিজ্ঞান পরিবেশ ও প্রযুক্তি দপ্তরের সচিব ডঃ শশী কুমার, এছাড়া উপস্থিত ছিলেন দপ্তরের অধিকর্তা মহেন্দ্র সিং দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের সদস্য সচিব বিশ্ব কর্মকার সহ অন্যান্য আধিকারিকরা। রেলিতে বিভিন্ন স্কুল-কলেজের ছাত্র ছাত্রী ছাড়াও বিভিন্ন স্বেচ্ছাসেবী সংগঠন, এনএসএস ও বিভিন্ন পেশার মানুষ অংশগ্রহণ করেন। সুকান্ত একাডেমি থেকে রেলীটি বের হয়ে শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে। তারপর সুকান্ত একাডেমী প্রাঙ্গনে অনুষ্ঠিত হয় শিশুদের বসে আঁকো প্রতিযোগিতা। প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়। এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে বিশ্ব পরিবেশ দিবসের তাৎপর্য তুলে ধরেন দপ্তরের সচিব ড: শশী কুমার। এছাড়া আগরতলার হাঁপানিয়ায় পুরনো ডাম্পিং স্টেশনের কাছে বৃক্ষ রোপন করা হয়। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন দপ্তরের সচিব, অধিকর্তা সহ অন্যান্যরা। এছাড়া ভুতুরিয়াস্থিত বিদ্যুৎ নিগমের উদ্যোগেও মানুষের মধ্যে গাছের চারা বিতরণ করা হয়।

*****************************

**World Environment Day-Electrict Vehicle :**

বিশ্ব পরিবেশ দিবস উদযাপন উপলক্ষে আজ আগরতলায় এক বর্ণাঢ্য ইলেকট্রিক ভেহিক্যাল র‍্যালি আয়োজিত হয়। পরিবেশকে দূষণমুক্ত রাখার বার্তা সকলের কাছে পৌঁছে দিতে পরিবহন দপ্তর, ত্রিপুরা রাজ্য বিদ্যুৎ নিগম লিমিটেডের যৌথ উদ্যোগে ও

কেন্দ্রীয় বিদ্যুৎ মন্ত্রণালয়ের ব্যুরো অব এনার্জি এফিসিয়েন্সির সহায়তায় এই র‍্যালির আয়োজন করা হয়। এই উপলক্ষে আগরতলার পুরাতন পরিবহন ভবন প্রাঙ্গনে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে পরিবহন দপ্তরের কমিশনার উত্তম মন্ডল বলেন, পরিবেশ সুরক্ষায় প্রতিবছর ৫ জুন বিশ্ব পরিবেশ দিবস পালন করা হয়। পরিবেশের ভারসাম্য রক্ষায় ইলেকট্রিক ভেহিক্যালের ভূমিকা অপরিসীম। এতে শব্দ দূষণের হাত থেকেও রক্ষা পাওয়া যায়।

অনুষ্ঠানে ত্রিপুরা রাজ্য বিদ্যুৎ নিগম লিমিটেডের অতিরিক্ত জেনারেল ম্যানেজার কনক লাল দাস বলেন, ত্রিপুরার ৪৫টি স্থানে ইলেকট্রিক ভেহিক্যাল চার্জিং স্টেশন স্থাপন করার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে প্রস্তাব পাঠানো হয়েছে।

*******************************

**World Environment Day-KAILASHAHAR :**

ঊনকোটি জেলা সদর কৈলাশহরে আজ বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে কাচেরঘাটে স্বামী বিবেকানন্দ গ্রীন সোলজার্স ফাউন্ডেশন এর উদ্দোগে এবং বন দপ্তর ও নবজাগ্রত ক্লাবের সহযোগিতায় এক অনুষ্ঠান হয়। এই অনুষ্ঠানের মধ্য দিয়ে বর্ষব্যাপী বৃক্ষরোপণ কর্মসূচির সূচনা ঘটে। আজকের অনুষ্ঠানে বিভিন্ন বক্তা তাঁদের ভাষনে প্রাকৃতিক ভারসাম্য রক্ষায় ব্যাপক বনসৃজনের প্রয়োজনীয়তার কথা তুলে ধরেন। বক্তব্য রাখেন, বন দপ্তরের আধিকারিক অর্ধেন্দু বিকাশ দাশ, নবজাগ্রত ক্লাবের সভাপতি নির্মল দে প্রমুখ।

*******************************

**World environment day-2 :**

বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে আজ ইন্দ্রনগর সংহতি সংঘের উদ্যোগে বৃক্ষরোপন করা হয়। সংঘের কর্মকর্তারা ক্লাব সংলগ্ন এলাকায় বিভিন্ন প্রজাতির গাছের চারা রোপন করেন। এ উপলক্ষে আজ আগরতলায় আসাম রাইফেলসের সদর কার্যালয়ে ৫০০ টি গাছের চারা লাগানো হয়েছে। এই আধা সামরিক বাহিনীর জন সংযোগ আধিকারিক জানিয়েছেন, পরিবেশকে রক্ষা করার উদ্দেশ্যে বিভিন্ন ধরনের ফল এবং অন্যান্য গাছের চারা লাগানো হয়েছে। এছাড়া পরিবেশ রক্ষা করতে জওয়ানদের সচেতন করা হয়।

পশ্চিম ত্রিপুরা জেলা আইনসেবা কর্তৃপক্ষের উদ্যোগে আজ বিশ্ব পরিবেশ দিবসের অঙ্গ হিসেবে পূর্ব নোয়াবাদী এডিসি ভিলেজ অফিস চত্বরে বৃক্ষ রোপণ করা হয়। আইনি স্বেচ্ছা সেবক রাজীব কুমার পাল জানান, গ্রামবাসীদের নিয়ে আয়োজিত সচেতনতা সভায় গাছ লাগানোর প্রয়োজনীয়তা সম্পর্কে সচেতন করা হয়।

****************************

**Malaria month :**

"ম্যালেরিয়া প্রতিরোধ মাস" উপলক্ষে সিপাহীজলা জেলায় ব্যাপক কর্মসূচি গ্রহণ করেছে স্বাস্থ্য দপ্তর। ম্যালেরিয়ার প্রাদুর্ভাব ঠেকাতে করণীয় কর্তব্য সম্পর্কে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে ব্যাপক প্রচার চালানো হচ্ছে। ম্যালেরিয়ার ঝুঁকিপূর্ণ এলাকা হিসাবে চিহ্নিত করা হয়েছে সিপাহীজলা জেলার অন্তর্গত মোট ১৮ টি এলাকাকে ।ঐ এলাকাগুলিতে বিশেষ স্বাস্থ্য শিবিরের পাশাপাশি রক্তের নমুনা সংগ্রহ ও ম্যালেরিয়া সনাক্তকরণের কাজ চলছে। তার বাইরে আশা ও MPW কর্মীরা বাড়ি বাড়ি গিয়ে সমীক্ষার কাজ করছেন।

আকাশবাণীর সিপাহীজলা জেলা প্রতিনিধি অভিজিৎ বার্ধনকে এক সাক্ষাৎকারে সিপাহীজলা জেলার স্বাস্থ্য আধিকারিক ডক্টর দেবাশীষ দাস এইসব তথ্য জানিয়ে বলেন, গত জানুয়ারি মাস থেকে মে মাস পর্যন্ত সিপাহীজলা জেলায় ৪৫ হাজারের উপর রক্তের নমুনা পরীক্ষা করা হয়েছে। তার মধ্যে ৬ জনের দেহে ম্যালেরিয়ার সংক্রমণ সনাক্ত হয়েছে। তাছাড়া জম্পুইজলা, সোনামুড়া ও বিশালগড় মহকুমার বিভিন্ন এলাকায় দীর্ঘস্থায়ী কীটনাশক যুক্ত মশারি বিতরণ করা হচ্ছে।

***************************

**Result in West & East loksabha :**

পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনে মোট ১২ লক্ষ ১২ হাজার ৭৭৪টি ভোট গণনা হয়েছে। এরমধ্যে বিজেপি প্রার্থী বিপ্লব কুমার দেব পেয়েছেন ৮ লক্ষ ৮১ হাজার ৩৪১ টি ভোট। কংগ্রেস প্রার্থী পেয়েছেন ২ লক্ষ ৬৯ হাজার ৭৬৩ ভোট। এছাড়া এসইউসিআই প্রার্থী অরুন কুমার ভৌমিক পেয়েছেন ৮ হাজার ৭৮৪টি ভোট, নির্দল প্রার্থী গৌরি শংকর নন্দী পেয়েছেন ৮ হাজার ১১৪টি ভোট, অর্ণব রায় পেয়েছেন ৩ হাজার ৪৪৯ টি ভোট, বলরাম দেববর্মা পেয়েছেন ৪ হাজার ৪৭৯ টি ভোট, ব্রজলাল দেবনাথ পেয়েছেন ৩ হাজার ৬৮৩ টি ভোট, মিলন পদ মুড়াসিং পেয়েছেন ৬ হাজার ৬৫২টি ভোট এবং রমেন্দ্র রিয়াং পেয়েছেন ৮ হাজার ৯৩২টি ভোট। নোটায় পড়েছে ১৪ হাজার ৬১২টি ভোট। বাতিল হয়েছে ২ হাজার ৯৬৫টি ভোট।

এদিকে, পূর্ব ত্রিপুরা লোকসভা আসনে ১১ লক্ষ ৩৫ হাজার ২৯৩টি ভোট গণনা হয়। বিজেপি প্রার্থী কৃতি দেবী বেব্বর্মন

পেয়েছেন ৭ লক্ষ ৭৭ হাজার ৪৪৭টি ভোট। ইন্ডি জোটের সিপিআইএম প্রার্থী রাজেন্দ্র রিয়াং পেয়েছেন ২ লক্ষ ৯০ হাজার ৬২৮টি ভোট। এছাড়া নির্দল প্রার্থী কল্পমোহন ত্রিপুরা পেয়েছেন ৪ হাজার ১১টি ভোট, কৃষ্ণ মোহন জমাতিয়া পেয়েছেন ৪ হাজার ২১৭টি ভোট, দর্শন কুমার রিয়াং পেয়েছেন ৯ হাজার ২৬৯টি ভোট, শত্রুঘ্ন জমাতিয়া পেয়েছেন ৫ হাজার ৯৬৭টি ভোট, সঞ্জয় ত্রিপুরা পেয়েছেন ৬ হাজার ৮৬২টি ভোট এবং শিব চন্দ্র দেববর্মা পেয়েছেন ৬ হাজার ৭১৯টি ভোট। নোটায় পড়েছে ১৮ হাজার ৩০৩টি ভোট। বাতিল হয়েছে ৯৪৮টি ভোট। রাজ্য নির্বাচন দপ্তর সুত্রে এই খবর জানা গেছে।

******************************

**Biplab Kr Deb-South :**

সাংসদ বিপ্লব কুমার দেব আজ বাইখোড়ার ইসকন পরিচালিত জগন্নাথ মন্দিরে যান। মন্দিরে এসে তিনি পূজো দেন এবং মন্দির চত্বরে একটি বকুল ফুলের চারা লাগান।

*****************************

**Land Port Authority of India :**

ভারতীয় স্থল বন্দর অথরিটির কারিগরী অধিকর্তা গীতেশদ্বীপ সিং সান্ধু আজ আগরতলায় এসে আগরতলার ইন্টিগ্রেটেড চেক পোস্ট পরিদর্শন করেন। আগরতলা আই সি পি- র ম্যানেজার দেবাশিস নন্দী জানিয়েছেন, স্থল বন্দর অধিকর্তা আই সি পি সংলগ্ন নির্মান স্থল পরিদর্শন করেন। আই সি পি সংলগ্ন এলাকায় বি এস এফ- র জন্য প্রশিক্ষণ কেন্দ্র গড়ে তোলা হবে।

*****************************

**West Bengal Joint Entrance Examination :**

পশ্চিমবঙ্গ জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষার ফলাফল আগামীকাল প্রকাশিত হবে। ওয়েস্ট বেঙ্গল জয়েন্ট এন্ট্রান্স এগজামিনেশন বোর্ডের পক্ষ থেকে জানানো হয়েছে, আগামীকাল দুপুর আড়াইটে নাগাদ ফলাফল প্রকাশ করা হবে। পরীক্ষার্থীরা বিকেল চারটে থেকে www.wbjeeb.nic.in এবং www.wbjee.in থেকে ফলাফল দেখতে পারবে।

*************************

**Traffic SP:**

ট্রাফিক এসপি মানিক দাস জনিয়েছেন আগরতলা শহরে বিভিন্ন নো পার্কিং জোনে যারা বেআইনিভাবে পার্কিং করেন তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হবে। আকাশবাণী প্রতিনিধিকে দেওয়া এক সাক্ষাৎকারে তিনি জানান শীঘ্রই শহরের বিভিন্ন রাস্তায় ট্রাফিক অভিযান শুরু করতে যাচ্ছে দপ্তর। তিনি বলেন, শহরে ই-রিক্সার জন্য রুট নির্ধারিত করার ব্যাপারে সিদ্ধান্ত নেওয়া হয়েছে। তিনি সবাইকে ট্রাফিক বিধি মেনে চলার আহবান জানান।

**************************

**Girls' T-20 Cricket :**

একদিনের বিরতির পর রাজ্য ক্রিকেট সংস্থা আয়োজিত সদরের আন্ত: স্কুল মেয়েদের টি-২০ ক্রিকেট প্রতিযোগিতার আজ তিনটি খেলা হয়। পুলিশ ট্রেণিং একাডেমি মাঠে সকালের খেলায় নন্দননগর স্কুল ৯ উইকেটে প্রাচ্যভারতী স্কুলকে পরাজিত করে। একই মাঠে দুপুরের খেলায় বিদ্যাসাগর স্কুল ৭ উইকেটে ভবনস ত্রিপুরা বিদ্যামন্দিরকে হারায়। এছাড়া নরসিংগড়ের পঞ্চায়েত মাঠে

অপর খেলায় আসাম রাইফেলস পাব্লিক স্কুল ২৭ রানে বড়দোয়ালী স্কুলকে হারিয়ে দেয়।

*******************************

**Weather :**

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। দুয়েক জায়গায় বজ্র বিদ্যুত সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ পঁয়ত্রিশ ডিগ্রী এবং সর্বনিম্ন সাতাশ ডিগ্রী সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল তেত্রিশ দশমিক ছয় ডিগ্রী এবং সর্বনিম্ন ছাব্বিশ দশমিক ছয় ডিগ্রী সেলসিয়াস। আগামী চব্বিশ ঘণ্টায় রাজ্যের সব জেলায় বিক্ষিপ্তভাবে বজ্র বিদ্যুত সহ দমকা হাওয়া বয়ে যাওয়ার সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর।

***************************